

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী
(স্থানীয় সরকার শাখা)
www.patuakhali.gov.bd

স্মারক নম্বর- ৪৬.১০.৭৮০০.০০৭.০২.১৬০.১৬- ৩২৬

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩৩
০২ আগস্ট ২০২৬

বিষয় : পটুয়াখালী জেলার ইউনিয়ন পরিষদসমূহে 'হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর' -এর শূন্যপদে সংরক্ষিত প্যানেল হতে নিয়োগপত্র প্রদান ও যোগদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেষ্ঠিতে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার ইউনিয়ন পরিষদসমূহে 'হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর' -এর শূন্য পদে নিয়োগের লক্ষ্যে 'ইউনিয়ন পরিষদ (পরিষদের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ও চাকুরির শর্তাবলী) বিধিমালা', ২০১১ মোতাবেক গঠিত বাছাই কমিটি নিম্নরূপ:

১.	জেলা প্রশাসক, পটুয়াখালী	সভাপতি
২.	পুলিশ সুপার, পটুয়াখালী	সদস্য
৩.	প্রশাসক/মেয়র, পটুয়াখালী পৌরসভা	সদস্য
৪.	নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	সদস্য
৫.	উপপরিচালক, স্থানীয় সরকার, পটুয়াখালী	সদস্য সচিব

২। উল্লিখিত বাছাই কমিটি কর্তৃক বর্ণিত বিধিমালা মোতাবেক পটুয়াখালী জেলার ইউনিয়ন পরিষদসমূহে 'হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর' -এর ৭৪ (চুয়াত্তর) টি শূন্য পদে গত ১১ জানুয়ারি ২০২৬ তারিখে চূড়ান্ত ফলাফল ও সংরক্ষিত প্যানেল তালিকা প্রকাশপূর্বক নিয়োগ প্রদান করা হয়। নিয়োগের জন্য মনোনীত ৭৪ (চুয়াত্তর) জন প্রার্থীর মধ্যে ০৩ (তিন) জন প্রার্থী সংশ্লিষ্ট পদে যোগদান না করায় এবং ০৮ (আট) জন প্রার্থী যোগদান পরবর্তী ইতোমধ্যে অব্যাহতির আবেদন দাখিলপূর্বক চাকুরি হতে অব্যাহতি পাওয়ায় এ পর্যায়ে হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে মোট ১১ (এগার) টি পদ শূন্য রয়েছে। উক্ত শূন্য পদে সংরক্ষিত প্যানেল হতে নিয়োগ প্রদানের নিমিত্ত অদ্য ০২ আগস্ট ২০২৬ তারিখের নিয়োগ বাছাই কমিটি'র সভার সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক সংরক্ষিত প্যানেলের মেধাক্রম অনুসারে নিম্নোক্ত ১১ (এগার) জন প্রার্থীকে নিয়োগ প্রদান করা হলো।

পদের নাম: 'হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর' [বেতন স্কেল: ৯৩০০/- - ২২৪৯০/-; গ্রেড-১৬ (জাতীয় বেতন স্কেল, ২০১৫)]

প্রার্থীর রোল নম্বর (সংরক্ষিত প্যানেলের মেধাক্রম অনুসারে)	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম
৩২৮৬	জনাব মেহেদী হাসান, পিতা: আমিনুর রহমান মোল্লা, মাতা: মোর্শেদা বেগম
২৯৩১	জনাব নাইমুল ইসলাম, পিতা: মো: লাল মিয়া, মাতা: মোসা. কহিনুর বেগম
৩৪১৮	জনাব নয়ন চন্দ্র দাস, পিতা: নারায়ন চন্দ্র দাস, মাতা: বাসনা রানী
১১৯৭	জনাব নুর হোসেন মুখা, পিতা: আব্দুল খালেক মুখা, মাতা: নুরজাহান বেগম
২৭০৯	জনাব মোসা. লিপি আক্তার, পিতা: মো: আবু হানিফ, মাতা: মোসা. মোর্শেদা বেগম
২৭৪৭	জনাব সিনথিয়া আক্তার মীম, পিতা: মো: আবুল কালাম, মাতা: কোহিনুর বেগম
২১৮৫	জনাব মো: জহিরুল ইসলাম, পিতা: আবু হানিফ, মাতা: সেলিনা বেগম
২৬৫৭	জনাব নাদিম হোসেন, পিতা: মো: হাবিব সিকদার, মাতা: শিউলি বেগম
১৮৩৭	জনাব তামিমুর রহমান, পিতা: মো: মজিবুর রহমান, মাতা: মোসা: মাহমুদা
৮৬১	জনাব মো: কাওসার, পিতা: মো: আজিজ বিশ্বাস, মাতা: রাশিদা বেগম
২৭৪৩	জনাব সুদেব হাওলাদার, পিতা: সুখরঞ্জন হাওলাদার, মাতা: পুষ্প রানী

৩। উল্লেখ্য, উক্ত নিয়োগ কার্যক্রম সংক্রান্ত দায়েরকৃত বিভিন্ন রিট পিটিশন ও মামলাসমূহে মহামান্য আদালতের রায় নিয়োগ কার্যক্রমের সকল পর্যায়ে অনুসরণ করা হয়েছে।


৫

[চলমান]

১

৪। যোগদান ও অন্যান্য শর্তাবলি:

- ৪.১. উল্লিখিত প্রার্থীগণকে আগামী ০৩-০৮-২০২৬ তারিখ হতে ০৬-০৮-২০২৬ তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী এর স্থানীয় সরকার শাখায় যোগদান করতে হবে।
- ৪.২. নির্ধারিত তারিখে নির্দেশিত স্থানে/কর্মে যোগদান করতে ব্যর্থ হলে অবশিষ্ট সংরক্ষিত প্যানেলের মেধাক্রম অনুযায়ী নিয়োগ প্রদান করা হবে।
- ৪.৩. যোগদানের পর হতে চাকুরির বিধিমালা অনুযায়ী সন্তোষজনকভাবে শিক্ষানবিশকাল অতিবাহিত করতে হবে। শিক্ষানবিশকালে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই চাকুরী হতে অপসারণ করা যাবে।
- ৪.৪. চাকুরিতে যোগদানের সময় সিভিল সার্জন, পটুয়াখালী এর নিকট হতে স্বাস্থ্যগত যোগ্যতার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- ৪.৫. প্রার্থীগণের পুলিশ ভেরিফিকেশনে এবং স্বাস্থ্য পরীক্ষায় কোনো প্রকার বিরূপ তথ্য পাওয়া গেলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ৪.৬. চাকুরিতে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের ছাড়পত্র/অব্যাহতিপত্র দাখিল করতে হবে।
- ৪.৭. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য যেকোনো পর্যায়ে তথ্য নিয়োগ দানের পরেও অসত্য, ত্রুটিপূর্ণ ও ভুয়া প্রমাণিত হলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ৪.৮. প্রয়োজনীয় সকল সনদ ও কাগজপত্রাদিসহ স্বপদে যোগদানের তিন মাসের মধ্যে সার্ভিস বই খুলতে হবে।
- ৪.৯. চাকুরিতে যোগদানের জন্য তাকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৪.১০. চাকুরিতে যোগদানের পূর্বে তাদের সম্পদ/সম্পত্তির হিসাব দাখিল করতে হবে।


(ড. মোহাম্মদ শহীদ হোসেন চৌধুরী)
জেলা প্রশাসক
পটুয়াখালী
ও
সভাপতি
নিয়োগ বাছাই কমিটি


E-mail: dcpatuakhali@mopa.gov.bd

স্মারক নম্বর- ৪৬.১০.৭৮০০.০০৭.০২.১৬০.১৬- ৩২৬

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩৩
০২ আগস্ট ২০২৬

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, বরিশাল।
- ৩। পুলিশ সুপার, পটুয়াখালী।
- ৪। সিভিল সার্জন, পটুয়াখালী।
- ৫। প্রশাসক, পটুয়াখালী পৌরসভা, পটুয়াখালী।
- ৬। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, পটুয়াখালী।
- ৭। প্রশাসক, উপজেলা পরিষদ (সকল), পটুয়াখালী।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল), পটুয়াখালী।
- ৯। প্রশাসক/চেয়ারম্যান/চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), ইউনিয়ন পরিষদ (সকল), পটুয়াখালী।
- ১০। জনাব.....।
- ১১। অফিস কপি।


জেলা প্রশাসক
পটুয়াখালী